সংবাদ

তারিখ 12 NOV 2017
৪ কলাম ২

### ঢাবি অ্যালামনাইয়ের বৃত্তি প্রদানকালে স্পিকার

# সুযোগ পেলে শিক্ষার্থীরা সব প্রতিযোগিতায় শ্রেষ্ঠত্ব অর্জন করতে পারবে

প্রতিনিধি, ঢাবি

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, আমাদের দেশের ছেলেমেয়েরা যে মেধা বা প্রতিভার অধিকারী তাদের জন্য যদি আমরা সুযোগ করে দিতে পারি তাহলে বিশ্বের সকল প্রতিযোগিতায় তারা শ্রেষ্ঠত্ব অর্জন করতে পারবে। সবাই এগিয়ে আসলে আমাদের দেশের কোন শিক্ষার্থী অর্থের অভাবে শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত হবে না। গতকাল টিএসসি মিলনায়তনে আয়োজিত এক বৃত্তিপ্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

'শিক্ষা ও সামাজিক উদ্যোগের জন্য বৃত্তি' এ লক্ষ্যকে সামনে রেখে ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশন এ বৃত্তি প্রদান অনুষ্ঠানের আয়োজন করে। অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০১৬-১৭ শিক্ষাবর্ষের ৫২৫ জন মেধাবী, অসচ্ছল ও প্রতিবন্ধী শিক্ষার্থীকে বৃত্তি প্রদান করা হয়।

প্রধান অতিথির বক্তব্যে ড. শিরীন শারমিন চৌধুরী আরও বলেন, আজকে তথ্যপ্রযুক্তির যে বিপ্লব এবং অবাধ প্রবাহ সেটা আমাদের জীবনকে গভীরভাবে স্পর্শ করে। কাজেই তথ্যপ্রযুক্তি সম্পন্ন আধুনিক শিক্ষায় শিক্ষিত হওয়া বিশেষ করে শুধুমাত্র জ্ঞাননির্ভর না হয়ে বিশেষায়িত শিক্ষা ব্যবস্থার মধ্য দিয়ে নিজেকে গড়ে তোলা এবং সেই সঙ্গে বিভিন্ন ধরনের প্রশিক্ষণের মধ্য দিয়ে নিজেদের দক্ষতা বাড়ানো আজকে বিশেষ প্রয়োজন হয়ে দাঁড়িয়েছে। বিশ্ববিদ্যালয় থেকে পাস করে যারা বের হচ্ছে তাদেরকে বিভিন্ন করপোরেট কোম্পানিতে ইন্টার্নশীপের সুযোগ দিলে সেটাও এক্ষেত্রে কার্যকর ভূমিকা রাখতে পারে।

শিক্ষার্থীদের উদ্দেশ্যে তিনি বলেন, সুশিক্ষিত হওয়ার পাশাপাশি এখনই তোমরা কে কি করতে চাও তা নির্ধারণ করতে হবে। মনোযোগ দিয়ে অধ্যয়ন, দক্ষতা বাড়ানোর পাশাপাশি প্রশিক্ষণও নিতে হবে। কোন শিক্ষার্থী যাতে সুযোগের অভাবে ঝরে না পড়ে সেজন্য এ ধরনের বৃত্তিপ্রদান কার্যক্রম আরও ব্যাপৃত আকারে করতে তিনি বিত্তশালীদের সাহায্য কামনা করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, আর্থিকভাবে হোক, সামাজিক মর্যাদারভিত্তিতে হোক অথবা চাকরির মাধ্যমেই হোক বিশ্ববিদ্যালয়ের একজন শিক্ষার্থী যখন অনুকূল পরিবেশের মধ্য দিয়ে প্রস্ফুটনের সুযোগ পায় তখন সেটা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এবং একজন শিক্ষক হিসেবে আমার কাছে অত্যন্ত আনন্দের। এ বৃত্তি কয়েকটি অঙ্কের টাকার হিসেবের মধ্যেই সীমাবদ্ধ নয়, এর পেছনে একটি মহৎ উদ্দেশ্য আছে। এ বৃত্তির মাধ্যমে অ্যালামনাই অ্যাসোসিয়েশন শিক্ষার্থীদের গ্রহীতা থেকে দাতার অবস্থানে আসার পথ তৈরি করে দিচ্ছেন বলে জানান তিনি। শিক্ষার্থীদের উদ্দেশ্যে তিনি বলেন, এ বৃত্তি তোমাদের জন্য উৎসাহ হিসেবে কাজ করবে।

বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর এস কে সুর চৌধুরী শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, তোমাদেরকে লক্ষ্য স্থির করতে হবে। কঠোর পরিশ্রমের মাধ্যমে সামনে এগিয়ে গেলে সফলতা আসবেই। ভিশন-২০২১ বাস্তবায়নে কুশীলব বা মূল চালিকাশক্তি হবে আজকের এ তরুণ সমাজই। শিক্ষার্থীদের ভালো ছাত্র হওয়ার পাশাপাশি ভালো মানুষ ও সমাজের একজন ভালো নাগরিক হতে হবে।

ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সভাপতি এ কে আজাদের সভাপতিত্বে অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন- অ্যালামনাই অ্যাসোসিয়েশনের মহাসচিব রঞ্জন কর্মকার, বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির চেয়ারম্যান হাফিজ আহমেদ মজুমদার, এসিআই লিমিটেডের চেয়ারম্যান এম আনিস উদ-দৌলা, ইস্টার্ন ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও আলী রেজা ইফতেখার, পূবালী ব্যাংকের পরিচালক রানা লায়লা হাফিজ, অ্যালামনাইয়ের সাংস্কৃতিক সম্পাদক মাহফুজা চৌধুরী বাবলী প্রমুখ। এছাড়াও উপস্থিত ছিলেন-সিনহা পিপলস এনার্জি লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক আরিফুর রহমান সিনহা, ইস্টল্যান্ড ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেডের চেয়ারম্যান মো. মাহাবুবুর রহমান, সফটেক্স সোয়েটার ইন্ডাস্ট্রিজ লিমিটেডের চেয়ারম্যান মোহাম্মদ সেলিম ও জমিরউদ্দিন খান ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক আবুল বাশার খান।